

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক শিয়া

বিশ্ব শিক্ষক দিবসে উত্তরা ইউনিভার্সিটিতে শিক্ষকদের সম্মাননা প্রদান

০৬ অক্টোবর ২০২৫



বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে উত্তরা ইউনিভার্সিটিতে রোববার (৫ অক্টোবর) বর্ণাঢ্য আয়োজনে সেমিনার ও সম্মাননা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শিক্ষকতার মহৎ পেশায় দীর্ঘ ২০ বছর ধরে নিষ্ঠা, আন্তরিকতা ও সাফল্যের সঙ্গে শিক্ষার্থীদের জ্ঞানদান ও প্রেরণা দেওয়ায় বিশ্ববিদ্যালয়ের ১০ জন শিক্ষককে বিশেষ সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সম্মাননা প্রাপ্ত শিক্ষকদের হাতে ক্রেস্ট তুলে দেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ইয়াসমীন আরা লেখা।

তিনি শিক্ষকদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, শিক্ষকরা শুধু পাঠদানের মাধ্যমে নয়, তাঁদের জ্ঞান, নৈতিকতা ও মানবিকতা দিয়ে সমাজ গঠনে অনন্য ভূমিকা রাখেন। একজন শিক্ষক যত বেশি আলোকিত হন, তাঁর মাধ্যমে তত বেশি আলোকিত হয় একটি জাতি। উত্তরা ইউনিভার্সিটি গর্বিত এমন নিবেদিতপ্রাণ শিক্ষক পরিবার পেয়ে।

অনুষ্ঠানে দীর্ঘদিনের শিক্ষকতার অভিজ্ঞতা তুলে ধরেন দুজন শিক্ষক। তারা বলেন, উত্তরা ইউনিভার্সিটি শুধু কর্মক্ষেত্র নয়, এটি আমাদের দ্বিতীয় পরিবার। এখানে শিক্ষক হিসেবে কাজ করা মানে তরুণ প্রজন্মের ভবিষ্যৎ নির্মাণে অংশ নেওয়া। আজীবন এ পেশায় থেকে শিক্ষার্থীদের মাঝে জ্ঞান, নৈতিকতা ও স্বপ্ন বিতরণ করতে চাই।

অনুষ্ঠানটি আনন্দঘন করতে শিক্ষকদের জন্য আয়োজন করা হয় একটি র‍্যাফেল ড্র, যেখানে বিভিন্ন অনুষদ ও বিভাগের শিক্ষকরা অংশগ্রহণ করেন। ড্র-তে ১০ জন শিক্ষক পুরস্কার লাভ করেন। অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিলো উত্তরা ইউনিভার্সিটির ব্র্যান্ড অ্যান্ড কমিউনিকেশন অফিস ও পাবলিক রিলেশন অফিস।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, প্রফেসর, শিক্ষক, রেজিস্ট্রার ও প্রশাসনিক কর্মকর্তারা।